দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 13 JUL 1997 ...
পৃষ্ঠা .. ৩ কলাম .. ৫....

46

# জাতীয়করণকৃত কলেজ শিক্ষকদের পদোন্নতি নিয়ে চক্রান্ত হলে আন্দোলন

জাতীয়করণকৃত কলেজ শিক্ষকদের ক্যাডার বহির্ভূত রেখে পদায়ন/পদোন্নতি, জ্যেষ্ঠতা প্রদানসহ যাবতীয় সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত করা ও '৮৫ সালের আত্মীকরণ বিধিমালা বাস্তবায়নে সুপ্রীম কোর্ট নির্দেশ দেয়া সত্ত্বেও ১৭ মাসে সেই নির্দেশ বাস্তবায়ন না হওয়ার প্রতিবাদে গত ১১ জুলাই বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের আহ্বানে ঢাকাস্থ সরকারী বাংলা কলেজ, মিরপুরে সারা দেশের জাতীয়করণকৃত কলেজ শিক্ষকদের এক প্রতিনিধি সভা অনুষ্ঠিত হয়। সভায় ২৩০টি সরকারী কলেজ প্রতিনিধিবৃন্দ জাতীয়করণকৃত কলেজ শিক্ষকদের বিভিন্ন সমস্যা অতি দ্রুত সমাধানের জন্য কর্তৃপক্ষের নিকট আহ্বান জানান। বক্তারা শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তক্রমে প্রস্তাবিত উচ্চ ক্ষমতাসম্পন্ন আন্তঃমন্ত্রণালয়ের কমিটি কর্তৃক প্রণীত, সংস্থাপন মন্ত্রণালয় এবং পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক চূড়ান্তকৃত জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অশিক্ষক আত্মীকরণ বিধিমালা ১৯৮৫, বাস্তবায়নে সুপ্রীম কোর্টের নির্দেশ অনতিবিলম্বে কার্যকর করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জোর দাবি জানায়। তাছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের ক্যাডার বহির্ভূত পদের অবস্থিতির ধারণা কল্পনাপ্রসূত, ক্যাডারে বিভক্তি সৃষ্টির অপপ্রয়াস ও বেআইনী বলে বক্তারা অভিমত ব্যক্ত করেন। যেসব শিক্ষককে নিয়মিতকরণের সময় আত্মীকরণ বিধিমালা লঙ্ঘন করে ক্যাডার বহির্ভূত বলে উল্লেখ করা হয়, অবিলম্বে এই বেআইনী ও শিক্ষকদের পেশাগত মান-মর্যাদাহানিকর শর্ত প্রত্যাহারের দাবি জানানো হয়। জাতীয়করণকৃত শিক্ষকদের বাদ দিয়ে কেবলমাত্র সরাসরি নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের পদোন্নতি প্রদান করা হলে জাতীয়করণকৃত কলেজ শিক্ষকবৃন্দ বৃহত্তর আন্দোলনের মাধ্যমে তা প্রতিহত করার সিদ্ধান্ত গ্রহণ করেন। —বিজ্ঞপ্তি।